

তারিখ: ২৯ জুন ২০১৬

ঈদে পথ শিশুদের মুখে হাসি ফোটাতে বরেন্দ্র বিশ্ববিদ্যালয় বন্ধুসভা

৯ বছরের রাহিমা। বার বার ঘরে ঢুকে তার মায়ের পা ধরে কাঁদছিল আর বলছিল, ‘মা আমাখে ঈদে একডা লতুন জামা কিনে দিবি। মা, ওমা একডা জামা কিনে দে।’ একইভাবে রাহিমার ছোট ভাই হৃদয়ও নতুন জামার জন্য তখন অস্থির। কিন্তু মায়ের কিছু করার নেই। রাহিমার বাবা তার মাকে ছেড়ে চলে গেছে আট বছর আগে। বাবার স্মৃতি রাহিমার মনে নেই। অন্যের বাসায় কাজ করে তার মা সংসার চালায়। ঈদে নতুন জামা, রাহিমার মতো মেয়েদের কাছে স্বপ্ন হয়েই থাকে।



রাজশাহীর স্টেশন সংলগ্ন বস্তির চিত্র এটি। শুধু রাহিমা নয় অনন্যা, নিধু, সাইমা সকলেরই স্বপ্ন ঈদে একটা নতুন জামা। কিন্তু সামাজিক বাস্তবতার কারণে ঈদে আর নতুন জামা পরা হয় না। রাজশাহী শহরের বিভিন্ন জায়গা থেকে এই সব সুবিধা-বঞ্চিত পথ শিশুদের একত্রিত করে বরেন্দ্র বিশ্ববিদ্যালয় প্রথম আলো বন্ধুসভার সদস্যরা এবং তাদের হাতে তুলে দেয় ঈদের নতুন জামা।

গতকাল সন্ধ্যা ৬টায় সুবিধা-বঞ্চিত পথ শিশুদের নিয়ে আয়োজিত ইফতার মাহফিল ও ঈদ পোশাক বিতরণী অনুষ্ঠানে পথ শিশুদের মাঝে নতুন পোশাক তুলে দেন বিশ্ববিদ্যালয়ের উপদেষ্টা প্রফেসর ড. এম. সাইদুর রহমান খান, উপাচার্য প্রফেসর ড. এম. ওসমান গনি তালুকদার, উপ-উপাচার্য প্রফেসর ড. নূরুল হোসেন চৌধুরী, ইংরেজি বিভাগের প্রধান প্রফেসর শহীদুর রহমান, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক, প্রক্টর ও উপদেষ্টা (ছাত্রকল্যাণ) মো. আকরাম হোসেন সহ প্রথম আলোর রাজশাহী বিভাগীয় প্রধান আবুল কালাম আজাদ, রাজশাহী বন্ধুসভার সভাপতি ফারুক হোসেন। প্রথম আলো বন্ধুসভা বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের সভাপতি আব্দুল্লাহ মোঃ কামাল, সাধারণ সম্পাদক ফাতিহা আলম ও সকল সদস্যরা এই মহতী অনুষ্ঠান আয়োজন ও পরিচালনা করে।

অনুষ্ঠানের প্রধান অতিথি প্রফেসর ড. এম. সাইদুর রহমান খান বলেন, ‘সুবিধা-বঞ্চিত পথ শিশুরা আমাদের সমাজের অংশ। তাদের মুখে হাসি ফোটানো আমাদের সামাজিক দায়িত্ব। বরেন্দ্র বিশ্ববিদ্যালয় বন্ধুসভার সদস্যরা তাদের মুখে হাসি ফোটাতে যে অনুষ্ঠানের আয়োজন করেছে সেটা প্রশংসার দাবিদার। আর পথ শিশুদের সঙ্গে ইফতার আমার জীবনের শ্রেষ্ঠ ইফতার।’

‘ঈদের খুশি করব ভাগ বৈষম্যতা দূরেই থাক’ স্লোগানকে সামনে রেখে পরিচালিত অনুষ্ঠানের প্রথমেই বক্তব্য রাখেন সম্মানিত অতিথিবৃন্দ। এরপর পথ শিশুদের হাতে নতুন জামা ও ঈদের সালামি তুলে দেন প্রফেসর ড. এম. সাইদুর রহমান খান। শেষে পথ শিশু, বন্ধুসভার সকল সদস্য এবং সম্মানিত অতিথিবৃন্দরা একসঙ্গে বসে ইফতার করেন।

মোঃ আশরাফুল আলম
মিডিয়া এন্ড কমিউনিকেশন অফিসার
বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
যোগাযোগ: ০১৭৩০৪০৬৫৩৩।